দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 08 JUL 1989
পৃষ্ঠা 2 কলাম 7

128

## শিক্ষকদের আত্মীকরণের আবেদন

আমরা ১৯৮১ সনে জাতীয়করণকৃত বিদ্যালয়ের শিক্ষক। জাতীয়করণের সময় আমাদের বি,এড, প্রশিক্ষণ ছিল না। শিক্ষা অধিদপ্তরের বিগত ১০/২/১৯৮৫ তারিখের আদেশে আমাদিগকে ৬২৫ টাকা হইতে ১৩১৫ টাকা বেতনক্রমে আত্মীকরণ করা হইয়াছে। তবে শর্ত দেওয়া হয় তিন বৎসরের মধ্যে আমাদেরকে বি, এড, ডিগ্রী অর্জন করিতে হইবে। বি, এড, ডিগ্রী অর্জনের পূর্ব পর্যন্ত আমাদিগকে কোন বর্ধিত বেতন দেওয়া হইবে না। উক্ত নির্দেশ মোতাবেক নির্দিষ্ট সময়ের মধ্যে বি,এড, ডিগ্রী অর্জনপূর্বক আমরা প্রয়োজনীয় সনদপত্র ইত্যাদিসহ শিক্ষা অধিদপ্তর বরাবর আমাদের পূর্ণ স্কেল প্রদানসহ চূড়ান্তভাবে আত্মীকরণের জন্য আবেদন পেশ করি। সে মতে আমাদের অনেক সহকর্মীকে পূর্ণ স্কেল প্রদানপূর্বক চূড়ান্তভাবে আত্মীকরণ করা হয়। কিন্তু অতি দুঃখের বিষয়, আমরা অবশিষ্ট অল্প কিছুসংখ্যক শিক্ষক প্রয়োজনীয় কাগজপত্র কর্তৃপক্ষের নিকট দাখিল করা সত্ত্বেও অদ্যাবধি কোন চূড়ান্ত আত্মীকরণপত্র পাইতেছি না। ফলে আমরা প্রতি মাসে বহু টাকা বেতন কম পাইতেছি। চূড়ান্ত আত্মীকরণ ত্বরান্বিত করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—মোঃ মফিজউদ্দিন, দিলীপ কুমার চক্রবর্তী ও মোঃ এমদাদুল হক, সহকারী শিক্ষক, নরসিংদী সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়, নরসিংদী।